

বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালনে বিএসএমএমইউ-এর ইপনা'র আয়োজন:
অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের যাপিত জীবনের বিশেষ বিশেষ মুহূর্তের ছবি নিয়ে আলোকচিত্র প্রদর্শনী
অটিস্টিক শিশুরা আসাধারণ শিশু, এসব শিশুদের মানবিক মূল্যবোধ
ও ভালোবাসা দিয়ে গড়ে তুলতে হবে: মাননীয় মন্ত্রী

(বিএসএমএমইউ, ইপনা, ৪ এপ্রিল ২০১৮): ১১শ (একাদশ) বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০১৮ পালন উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব পেডিয়াট্রিক নিউরোলজিঅর্ডার এন্ড অটিজম (ইপনা)'র উদ্যোগে ৪-৭ এপ্রিল ২০১৮ পর্যন্ত বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলীনি কান্ত ভট্টশালী গ্যালারীতে অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের যাপিত জীবনের বিশেষ বিশেষ মুহূর্তের ছবি নিয়ে একটি আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।

আজ ৪ এপ্রিল ২০১৮ইং, বুধবার বিকাল ৫:৩০ ঘটিকায় অনুষ্ঠিত আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এমপি। অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইপনা'র প্রকল্প পরিচালক অধ্যাপক ডা. শাহীন আখতার, ট্রেনিং কো-অর্ডিনেটর ডা. মাজহারুল মান্নান পার্থ, সহযোগী অধ্যাপক সৈয়দা তাবাহুছম আলম, সহযোগী অধ্যাপক ডা. গোপেন কুমার কুণ্ডু, সহযোগী অধ্যাপক ডা. কানিজ ফাতেমা, অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডা. নাজমুল করিম মানিক, ইপনার উপ-প্রকল্প পরিচালক মোহাম্মদ আব্দুল কাদের, আলোকচিত্র প্রদর্শনীর আলোকচিত্র বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব শংকর সাওজাল প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এইসব শিশুদের মেধার প্রতি পূর্ণ আস্থা রেখে বলেন, উপযুক্ত পরিবেশ ও যত্ন পেলে ফুলের মত এইসব শিশুরা বিকশিত হয়ে সমাজে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখতে সক্ষম হবে। এই আলোকচিত্র প্রদর্শনীর মাধ্যমে দর্শকরা অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের ভিন্ন মেজাজ, ভিন্ন চিন্তা চেতনার সাথে পরিচিত হবেন বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি আরো বলেন, অটিস্টিক শিশুরা আসাধারণ শিশু। এসব শিশুদের মানবিক মূল্যবোধ ও ভালোবাসা দিয়ে গড়ে তুলতে হবে।

সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া ইপনা প্রতিষ্ঠায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর সুযোগ্য কন্যা বিশ্বব্যাপি সুপরিচিত অটিজম বিশেষজ্ঞ সায়মা ওয়াজেদ হোসেন এর অবদানের কথা স্মরণ করেন। তিনি অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের সেবায় ইপনা তথা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় সর্বদা প্রস্তুত থাকবে বলে অঙ্গীকার করেন।

ইপনা'র প্রকল্প পরিচালক অধ্যাপক ডা. শাহীন আখতার স্বাগত বক্তব্যে বলেন, বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালনে জাতীয় কর্মসূচীর অংশ হিসেবে ইপনা প্রতি বছর অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের নিয়ে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এরই ধারাবাহিকতায় এবারের এ আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন।

অনুষ্ঠানে সারা দেশ থেকে আগত অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের মা-বাবা, ডাক্তার, সাইকোলজিস্ট, থেরাপিস্ট, অটিজম শিক্ষকসহ বিপুল সংখ্যক শুভানুধ্যায়ী উপস্থিত ছিলেন।

শুভেচ্ছা বক্তব্য ও অতিথিবর্গের বক্তৃতার পর ইপনা'র থিম সং পরিবেশন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের পর ছবি প্রদর্শনের জন্য গ্যালারী উন্মুক্ত করে দেয়া হয়। নিউজ: প্রশান্ত মজুমদার। সহযোগিতায় ইপনার উপ-প্রকল্প পরিচালক মোহাম্মদ আব্দুল কাদের।

